

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৩৪/২০১৪

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ০৭/০৫/২০১৪খ্রিঃ

২৪ বৈশাখ, ১৪২১ বাংলা

রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানের আমদানি-রপ্তানি ও অন্যান্য সকল রপ্তানি চালানের
সিএন্ডএফ কমিশনের হার পুনর্নির্ধারণের মাধ্যমে সিএন্ডএফ
কমিশনের উপর উৎসে আয়কর (ITC)কমানো প্রসঙ্গে।

এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্য/সদস্যগণ অবগত আছেন যে, রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানের আমদানি-রপ্তানি ও অন্যান্য সকল রপ্তানি চালানের ক্ষেত্রে সি এন্ড এফ এজেন্টগণ, এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত কমিশন হার হতে অনেক কম হারে আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনা করতে বাধ্য হচ্ছেন। কিন্তু এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত কমিশন হারের ভিত্তিতে সিএন্ডএফ এজেন্টগণকে উৎসে আয়কর (ITC) পরিশোধ করতে হচ্ছে বিধায় এতে সি এন্ড এফ এজেন্টগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এ বিবেচনায় রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানের আমদানি-রপ্তানি ও সকল রপ্তানি চালানের কমিশন হার বাস্তবতা বিবেচনায় পুনর্নির্ধারণের জন্য অনেকেই মৌখিকভাবে প্রস্তাব প্রদান করছেন।

এমতাবস্থায় রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানের আমদানি- রপ্তানি ও সকল রপ্তানি চালানের নির্ধারিত কমিশন হার বাস্তবমুখী ও সমন্বয়পযোগী করে পুনর্নির্ধারণ পূর্বক সি এন্ড এফ এজেন্টগণের কমিশনের উপর উৎসে কর্তিত আয়কর (ITC) হ্রাসের লক্ষ্যে সদস্য/সদস্য সি এন্ড এফ এজেন্টগণের নিকট হতে মতামত গ্রহণের জন্যে বিগত ৩০/০৪/২০১৪খ্রিঃ তারিখ অনুষ্ঠিত কার্যনির্বাহী পরিষদ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বিষয়টির গুরুত্ব বিবেচনা করে আগামী ২০/০৫/২০১৪খ্রিঃ তারিখের মধ্যে কমিশন হার পুনর্নির্ধারণ এর বিষয়ে বাস্তবমুখী ও যুক্তিসংগত সুনির্দিষ্ট লিখিত প্রস্তাব প্রেরণের জন্যে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক